বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং বাকাশিবো/শ(৪)/৯৫/৪৭৮/১০৬ | তারিখঃ ১০-০২-৯৬খ্রিঃ/২৮-১০-১৪০২বঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষ হইতে নবকাম পল্লী কলেজ এ এইচএসসি (ব্যবসায় ব্যবস্হাপনা) শিক্ষাক্রম (প্রতি শাখায় আসন সংখ্যা ২০ হিসাবে পাঁচটি শাখার মধ্যে যে কোন দুইটি শাখা) পরিচালনার জন্য সাময়িক অনুমতি প্রদান করা হইল।

(আ ম শফিউদ্দিন আহমেদ)
পরিচালক, কারিকুলাম
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং বাকাশিবো/শ(৪)/৯৫/৪৭৮/১০৬(১২৬) | তারিখঃ ১০-০২-৯৬খ্রিঃ/২৮-১০-১৪০২বঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হার জন্য প্রেরণ করা হইলঃ-

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক, নট্রামস্‌, বগুড়া।
৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

(১-৫: সাময়িক অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের তালিকা সংযুক্ত।)

৬-১২৪। অধ্যক্ষ/~~পরিচালক/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা~~
নবকাম পল্লী কলেজ, মগরকান্দা, থানা-বোয়ালমারি
জেলা: ফরিদপুর।
১২৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২৬। নথি।

(মোহাম্মদ নওশের আলী)
উপ-পরিচালক (গবেষণা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৩২ ৯০ ৭১

A:\CIRCULA1

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে বাংলানগর
ঢাকা-১২০৭

স্মারক নং বাকাশিবো/ক/(বিএম)/২০১২/৮৪ তারিখঃ ৭-০৭-২০১২ইং

প্রাপকঃ

অধ্যক্ষ
নবকাম পল্লী ডিগ্রী কলেজ, যদুনন্দী, সালথা, ফরিদপুর।

বিষয় ঃ এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রমে (৩য়) স্পেশালাইজেশনে সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান ।

জনাব,

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে এবং বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে আপনার প্রতিষ্ঠানের ২০১২-২০১৩ শিক্ষাবর্ষ হইতে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রমে নিম্নলিখিত (৩য়) স্পেশালাইজেশনে উল্লিখিত আসন সংখ্যা অনুযায়ী বর্ণিত শর্তাবলী আরোপপূর্বক সাময়িকভাবে ১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করা হল।

| ক্রমিক নং | স্পেশালাইজেশন | আসন সংখ্যা |
|---|---|---|
| ১. | হিসাবরক্ষন | ৩০ |

Book Keeping

শর্তাবলি ঃ

১. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করিতে হইবে।

২. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, এস.আর.ও নং-২৬৭/আইন/২০০৯-এর বিধান অনুযায়ী ৩০ দিনের মধ্যে ব্যবস্থাপনা কমিটি গঠন পূর্বক বোর্ডের অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

২.১ বোর্ডের এসআরও নং-২৬৭/আইন/২০০৯-এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করিতে হইবে এবং শিক্ষমন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ ৪/১০ এম-৫০/৮৩/৫৬০ (১৫০০০) শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষা পরিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখিতে হইবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২.২ প্রত্যেক অর্থ বৎসরের শেষে প্রতিষ্ঠানের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাইতে হইবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাইতে হইবে।

৩. এক মাসের মধ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে (শিক্ষক-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫৪ আইন/৯৬ এর বিধান অনুযায় বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক-কর্মচারী নিয়োগ সংক্রান্ত ৪ঠা ফেব্রুয়ারী ২০১০-এর জনবল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারী নিয়োগ করিতে হইবে এবং নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীদের তালিকা বোর্ডে জমা দিতে হইবে।

৪. বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করিতে হইবে।

৪.১ পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখিতে হইবে।

৪.২ বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতঃ শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৪.৩ শিক্ষার্থীদের লেখাপড়া মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে শিক্ষাক্রম সংশ্লিষ্ট পর্যাপ্ত পুস্তকের ব্যবস্থা করতঃ গ্রন্থগার ব্যবহারের সুযোগ সৃষ্টি করিতে হইবে।

৫. ক্লাস শুরুর পূর্বে নীতিমালায় বর্ণিত শর্তানুযায়ী ভৌত অবকাঠামোর ঘাটতি পূরণ করে ক্লাশ রুম ও ল্যাবের বিন্যাস নিশ্চিত করিতে হইবে।

৬. প্রাথমিক পাঠদানের অনুমতি প্রাপ্ত/স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানে এক নাগাড়ে ৩(তিন) বৎসর আসন সংখ্যার ৪০% পরীক্ষার্থী না থাকলে অথবা পাশের হার মোট পরীক্ষার্থীর ২৫% এর কম হলে প্রাথমিক পাঠ দানের অনুমতি/স্বীকৃতি বাতিল করা হইবে।

৭. বোর্ড প্রণীত শিক্ষাবর্ষ পঞ্জি অনুসরণ করিতে হইবে। ক্লাস শুরুর ১৫ (পনের) দিনের মধ্যে ক্লাস রুটিন বোর্ডে প্রেরণ করিতে হইবে।

৮. শিক্ষা মন্ত্রণালয়ের ১৩-১১-২০১১ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯(অংশ)/৩৯৬ নং প্রজ্ঞাপন মোতাবেক সংশ্লিষ্ট স্পেশালাইজেশন অনুমতি প্রাপ্তির বিপরীতে নিযুক্ত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে।

<u>উল্লিখিত শর্ত পূরণে ব্যর্থ হলে বিধি অনুসারে প্রাথমিক পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।</u>

(মোঃ আব্দুর রেজ্জাক)
পরিচালক(কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭।